

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ ভাদ্র ১৪৩৩/১০ সেপ্টেম্বর ২০২৬

নং ০৩.০০.০০০০.০০০.০৭৩.৯৯.০০০১.২৬-১৬৫—জাতীয় লজিস্টিক্স উন্নয়ন ও সমন্বয় কমিটি'র (এনএলডিসিসি) ৩য় সভার সিদ্ধান্ত মোতাবেক 'লজিস্টিক্স ডিজিটাইজেশন ওয়ার্কিং গ্রুপ' নিম্নোক্তভাবে গঠন করা হলো :

- | | | |
|---|---|---------|
| ১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | : | আহবায়ক |
| ২. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি | : | সদস্য |
| ৩. সচিব, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিবের নিম্নে নয় এমন প্রতিনিধি | : | সদস্য |
| ৪. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক মনোনীত যুগ্মসচিবের নিম্নে নয় এমন প্রতিনিধি | : | সদস্য |
| ৫. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিবের নিম্নে নয় এমন প্রতিনিধি | : | সদস্য |
| ৬. চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি | : | সদস্য |
| ৭. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি | : | সদস্য |
| ৮. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি | : | সদস্য |

(২৫০৬৭)

মূল্য : টাকা ৪.০০

৯. বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, : সদস্য
বুয়েটের প্রতিনিধি
১০. পরিচালক, লজিস্টিকস পলিসি বাস্তবায়ন ইউনিট, প্রধানমন্ত্রীর : সদস্য
কার্যালয়
১১. প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম : সদস্য
১২. সভাপতি, ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ : সদস্য
১৩. সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড : সদস্য
ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)
১৪. সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ : সদস্য
১৫. অনুবিভাগ প্রধান, ডিজিটাল সিকিউরিটি মনিটরিং ও অপারেশন : সদস্য
শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। সচিব

২। কমিটির কার্যপরিধি:

১. সমন্বিত ডিজিটাইজড লজিস্টিকস প্ল্যাটফর্ম এবং ওয়ান-স্টপ প্ল্যাটফর্মের ধারণাগত, প্রাতিষ্ঠানিক ও কারিগরি কাঠামো উন্নয়নে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;
২. সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা এবং সরকারি-বেসরকারি ডিজিটাল ব্যবস্থার তালিকা ও সক্ষমতা মূল্যায়ন;
৩. তথ্য আদান-প্রদান, আন্তঃপরিচালনযোগ্যতা, ডেটা স্ট্যান্ডার্ড, ডেটা মালিকানা, ব্যবহার ও সংরক্ষণের নীতিমালা প্রণয়ন;
৪. পণ্য, কনটেইনার ও যানবাহনের উৎস থেকে গন্তব্য পর্যন্ত রিয়েল-টাইম ট্র্যাকিং ও ট্রেসিং ব্যবস্থা প্রবর্তনের রোডম্যাপ প্রণয়ন;
৫. কাস্টমস, বন্দর, পরিবহন, গুদাম, কর, ব্যাংকিং ও আমদানি-রপ্তানি সেবার ডিজিটাল সমন্বয় নিশ্চিতকরণ;
৬. জাতীয় লজিস্টিকস ড্যাশবোর্ডের সূচক, তথ্যের উৎস, হালনাগাদের সময়সীমা এবং যাচাইকরণ পদ্ধতি নির্ধারণ;
৭. একক অভিযোগ গ্রহণ, ট্র্যাকিং, নিষ্পত্তি ও ব্যবহারকারী মতামত গ্রহণের ডিজিটাল ব্যবস্থা প্রণয়ন;
৮. তথ্য নিরাপত্তা, গোপনীয়তা, প্রবেশাধিকার এবং ব্যবসায়িক সংবেদনশীল তথ্য ব্যবহারের ব্যবস্থা নির্ধারণ;
৯. ডিজিটাল প্ল্যাটফর্ম বাস্তবায়নের ধাপ, ব্যয়, অর্থায়ন ও পরিচালন কাঠামো প্রস্তাব করা;

১০. ‘জাতীয় লজিস্টিকস নীতি, ২০২৫’ বাস্তবায়নে ‘এনসিএলডি’ ও ‘এনএলডিসিসি’-কর্তৃক গৃহীত সিদ্ধান্ত কার্যকারীকরণে সহযোগিতা; এবং
 ১১. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে এবং ‘এনএলডিসিসি’-এর অনুমোদনক্রমে বর্ণিত কার্যপরিধি হালনাগাদ করতে পারবে।
- ৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কে এম আলমগীর কবীর
পরিচালক-৬।